তারিখ 13 JUL 1996
পৃষ্ঠা ১২ কলাম ২

দৈনিক ইত্তেফাক

03

# শীঘ্রই নয়া শিক্ষানীতি প্রণয়ন করা হইবে

শিক্ষামন্ত্রী

যশোর অফিস ॥ শিক্ষামন্ত্রী এ এইচ এস কে সাদেক বলিয়াছেন, দেশে শিক্ষার মান উন্নয়নে অচিরেই নূতন শিক্ষানীতি প্রণয়ন করা হইবে। বৃহস্পতিবার রাত্রে যশোর সার্কিট

(২য় পৃ: ৩-এর ক: দ্র:)

## শিক্ষা মন্ত্রী

(শেষ পৃ: পর)

হাউজে স্থানীয় সাংবাদিকদের সহিত মত বিনিময়কালে তিনি বলেন, মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বর্তমান সরকার প্রয়োজনের সহিত সামঞ্জস্য রাখিয়া বিজ্ঞান শিক্ষার প্রসারের সাথে সাথে উন্নততর প্রশিক্ষণ ব্যবস্থা নিশ্চিত করিতে দৃঢ়প্রতিজ্ঞ। শিক্ষাখাতে সম্পদের স্বল্পতা সৃষ্টি না হইলে আগামী ১০ বছরের মধ্যে দেশের প্রত্যেককে স্বাক্ষর করার কর্মসূচী বাস্তবায়িত হইবে বলিয়া মন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, সংসদ নির্বাচনের আগে একটি রাজনৈতিক দল তাহাদের শাসনামলে গৃহীত মহিলা শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি সুবিধা আওয়ামী লীগ ক্ষমতায় গেলে বাতিল করিয়া দিবে বলিয়া গুজব ছড়াইয়া দেয়। কিন্তু বর্তমান সরকার শুধু উপবৃত্তি সুবিধা নয়, বিএনপি সরকারের শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীও বাতিলের কোন চিন্তা-ভাবনা করিতেছে না। শিক্ষামন্ত্রী বলেন, ছাত্র রাজনীতি দেশের জন্য মঙ্গলজনক। দেশে ছাত্র রাজনীতি নিষিদ্ধ করার কোন সম্ভাবনা নাই। তবে শিক্ষাঙ্গনে সন্ত্রাস দমনে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হইবে। তিনি বলেন, পরীক্ষা অনুষ্ঠান ও ক্লাস বিঘ্নিত হওয়ার মত কোন পরিস্থিতির সৃষ্টি না হইলে দেশের বিশ্ববিদ্যালয়সমূহে সেশন জট অল্প সময়ের মধ্যে দূর করা সম্ভব হইবে।